বাংলাদেশ জাতীয় সংসদ
"সর্বোচ্চ অগ্রাধিকার"

অতীব জরুরী

তঃপ্রঃ এমআই, এস
বিষয়টি সওজ এর ওয়েবসাইটে প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

# বাংলাদেশ জাতীয় সংসদ

২০১৭ সালের ৩০ জানুয়ারী, সোমবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে মৌখিক উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

* ৪১২ । মিসেস আমিনা আহমেদ (মহিলা আসন-৩৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, দেশে ইদানিং শিশু ধর্ষণ বাড়িয়া গিয়াছে ; হ্যাঁ হইলে, শিশু ধর্ষণকারীদের বিরুদ্ধে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করিতে সরকার কোন উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা?

* ৪১৩ । জনাব মোঃ আয়েন উদ্দিন (রাজশাহী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় রাজশাহী জেলার পবা ও মোহনপুর উপজেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কি?

* ৪১৪ । মোছাঃ সেলিনা জাহান লিটা (মহিলা আসন-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দিনাজপুর থেকে পঞ্চগড় পর্যন্ত আন্তঃনগর রেলপথটি বর্ধিত করিবার কাজ শুরু হইয়াছে কিনা; হইলে, উহা কবে নাগাদ সমাপ্ত করা হইবে?

* ৪১৫ । জনাব মোঃ নজরুল ইসলাম চৌধুরী (চট্টগ্রাম-১৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে চট্টগ্রাম জেলায় সেতু বিভাগের আওতায় সেতু নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উহা কি?

* ৪১৬ । সেলিনা বেগম (মহিলা আসন-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিরাজগঞ্জ সদর উপজেলার অসহায় দুঃস্থদেরকে চলতি অর্থ বছরে সরকারি অনুদান বিতরণের কোন ব্যবস্থা নিবেন কিনা?

Sherpur, Kurigram, Jamalpur

* ৪১৭ । জনাব আবুল কালাম আজাদ (জামালপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শেরপুর জেলার নন্দীবাজার থেকে নিলিক্ষীয়া, বকশীগঞ্জ হইয়া রৌমারী রাজিবপুর পর্যন্ত সড়কটি দিয়া অনেক বাস ও ট্রাক চলাচল করিতেছে। সড়কটি সরু হওয়ার কারণে প্রায়ই দুর্ঘটনা ঘটিতেছে এবং যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হইতেছে। এই অবস্থা উন্নতির লক্ষ্যে উক্ত সড়কটি জরুরীভিত্তিতে প্রশস্ত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৪১৮ । জনাব পঞ্চানন বিশ্বাস (খুলনা-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য আত্মকর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকায় কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী উহা কি?

Habiganj

* ৪১৯ । মিঃ মোহাম্মদ আব্দুল মুনিম চৌধুরী (হবিগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা ২৩৯ হবিগঞ্জ-১ এর নবীগঞ্জ ও বাহুবল উপজেলার সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের অধীনে কোন প্রকল্প/কার্যক্রম চলমান আছে কিনা; থাকিলে, উহা কি?

Nababganj

* ৪২০ । জনাব মুহাঃ গোলাম মোস্তফা বিশ্বাস (চাঁপাইনবাবগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ৪৪- চাঁপাইনবাবগঞ্জ - ২ আসনের গোমস্তাপুর, নাচোল ও ভোলাহাট উপজেলার কোনো রাস্তা/ ব্রিজ উন্নয়ন ও মেরামতের জন্য তালিকাভুক্ত করা হইয়াছে কিনা; হইলে, অর্থের পরিমাণসহ উহার তালিকা কি?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য শুধু সংশ্লিষ্ট প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

Chandpur

* ৪২১ । নুরজাহান বেগম (মহিলা আসন-৪২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ-বছরে চাঁদপুর জেলায় কোন সড়ক নির্মাণের লক্ষ্যে কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, উহা কি?



নং-৪৫১-সঃসঃ
তাং-১৮/১/১৭

উল্লেখিত প্রতিবেদন আগামী 22/01/17 তারিখ বেলা 12:00 pm ঘটিকার মধ্যে অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

১৮/০১/১৭
(মোঃ জাকির হোসেন)
পরিচিতি নং-০০৫১৬৮
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ (চঃদাঃ)
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

* ৪২২ । জনাব মোঃ আবুল কালাম (নাটোর-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা নাটোর-১ আসনে মহিলা অধিদপ্তর কর্তৃক কি কি কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে; এবং কি কি কর্মসূচি চালু রহিয়াছে; উহার অগ্রগতি কি?

* ৪২৩ । জনাব এম, এ, আউয়াল (লক্ষীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার চলতি অর্থবছরে কোন বড় ধরনের সেতু নির্মাণের লক্ষ্যে প্রকল্প হাতে নিয়াছে কিনা; নিয়া থাকিলে, উহা কি?

* ৪২৪ । জনাব এম এ মালেক (ঢাকা-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ-বছরে ধামরাই উপজেলায় সড়ক নির্মাণের লক্ষ্যে কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, উহা কি?

* ৪২৫ । জনাব মোঃ রেজাউল হক চৌধুরী (কুষ্টিয়া-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৫-১৬ অর্থ বছরে কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলায় দারিদ্র বিমোচন কর্মসূচীর অধীনে কোন ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, হিসাব কি?

* ৪২৬ । মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শিশু গৃহ শ্রমিকদের নিরাপত্তায় আইন প্রণয়নের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

* ৪২৭ । জনাব মোঃ নুরুল ইসলাম ওমর (বগুড়া-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বগুড়া জেলার সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ-বছরে কোন বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কি?

* ৪২৮ । জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় রেলওয়ে স্টেশনের সংখ্যা কত; উক্ত স্টেশনগুলি আধুনিকায়ন করিবার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে?

* ৪২৯ । জনাব মোঃ সোহরাব উদ্দিন (কিশোরগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, রাজধানীতে যানজটের অনেক কারণের মধ্যে অন্যতম একটি কারণ হইতেছে রিক্সা; হ্যাঁ হইলে, যানজট নিরসনে রিক্সা চলাচল বন্ধে সরকার কোন উদ্যোগ গ্রহণ করিয়াছে কিনা?

* ৪৩০ । জনাব মোঃ শামসুল হক টুকু (পাবনা-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে পাট উৎপাদন বৃদ্ধি ও পাটের মূল্য বৃদ্ধির লক্ষ্যে সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, উহা কি?

* ৪৩১ । জনাব শরীফ আহমেদ (ময়মনসিংহ-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের রেল লাইন সংস্কারে বাৎসরিক কি পরিমাণ অর্থ বরাদ্দ রাখা হইয়াছে; এবং কোন নীতিমালারভিত্তিতে সংস্কার কাজ করা হয়?

* ৪৩২ । জনাব মুহিবুর রহমান মানিক (সুনামগঞ্জ-৫) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সোনালী আঁশ পাটের হারানো ঐতিহ্য ফিরাইয়া আনিতে বর্তমান সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

* ৪৩৩ । সৈয়দা সায়রা মহসীন (মৌলভীবাজার-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে মৌলভীবাজার জেলায় সড়ক নির্মাণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উহা কি?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৩৩৫৭/৮৮৭৩৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

* ৪৩৪ । জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, হস্তশিল্পে উৎপাদিত পাটজাত দ্রব্য বিদেশের বাজারে প্রতিযোগিতায় টিকিয়া থাকিবার জন্য কি কি পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

* ৪৩৫ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী জেলার বেগমগঞ্জ উপজেলায় বেকার, দুঃস্থ, বিধবা ও স্বামী পরিত্যাক্ত মহিলাদের আত্ম-কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে সুদবিহীন ঋণদানসহ বিভিন্ন আত্ম কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় প্রশিক্ষণের কোন কর্মসূচি গ্রহণ করা হইবে কিনা; এবং হইলে, উহা কি?

Rajshahi

* ৪৩৬ । বেগম আখতার জাহান (মহিলা আসন-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ-বছরে কোন বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী হিসাব কি?

Nilphamari

* ৪৩৭ । জনাব মোঃ শওকত চৌধুরী (নীলফামারী-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

(ক) চলতি অর্থবছরে উন্নয়নকল্পে নীলফামারী জেলার সৈয়দপুর এবং কিশোরগঞ্জ উপজেলাদ্বয়ের কোন ব্রীজ কালভার্ট তালিকাভুক্ত করা হইয়াছে কিনা;

(খ) উত্তর হাঁ-সূচক হইলে, ব্রীজ কালভার্ট ওয়ারী ব্যয় বরাদ্দ কত; এবং কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে; এবং

(গ) উত্তর না সূচক হইলে, উহার কারণ কি?

* ৪৩৮ । জনাব আলী আজম (ভোলা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভোলা জেলায় কোন কর্মজীবি মহিলা হোস্টেল আছে কিনা; না থাকিলে, নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উহা কি?

Sherpur, Jamalpur, Kurigram

* ৪৩৯ । জনাব মোঃ রুহুল আমিন (কুড়িগ্রাম-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা সড়ক ও জনপথ আওতাধীন ধানুয়া-কামালপুর-রাজিবপুর-রৌমারী-দাঁতভাঙ্গা সড়কটি দুই লেনে উন্নীত করিবার কোন পরিকল্পনা আছে কিনা?

Comilla

* ৪৪০ । বেগম রওশন আরা মান্নান (মহিলা আসন-৪৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুমিল্লা সদর উপজেলার বিবির বাজার স্থল বন্দর থেকে গোমতী নদীর পাড় হইয়া আলেখার চর বিশ্ব রোড পর্যন্ত বাইপাস সড়ক নির্মাণ করিবার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ কাজ শুরু হইবে?

* ৪৪১ । জনাব সামশুল হক চৌধুরী (চট্টগ্রাম-১২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম থেকে পর্যটন নগরী কক্সবাজার পর্যন্ত রেলপথ সম্প্রসারণের মাধ্যমে সরাসরি রাজধানী ঢাকার সাথে রেলপথ সংযুক্তের পরিকল্পনার অগ্রগতি কোন পর্যায়ে রহিয়াছে; এবং উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

Munshiganj

* ৪৪২ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-মাওয়া রোড থেকে হাঁসাড়া বাড়ৈখালী মরিচপট্টি ফুলতলা রাস্তার কাজ উন্নয়নে বর্তমান অর্থ বছরে কোন অর্থ বরাদ্দ করা হইবে কিনা?

Nababganj

* ৪৪৩ । জনাব মোহাঃ গোলাম রাব্বানী (চাঁপাইনবাবগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকার এসরাইল বাজার হইতে ধাইনগর নাককাটীতলা পর্যন্ত রাস্তাটি সংস্কার করা হইবে কিনা?

* ৪৪৪ । জনাব মোঃ শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর সদর ও নলডাঙ্গা উপজেলায় অসহায় মহিলাদের মধ্যে আত্ম-কর্মসংস্থানমূলক কোন অর্থ সাহায্য দেওয়া হইয়াছে কিনা; হইলে, উহার হিসাব কি; না হইলে, কারণ কি?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য সেট সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৫৭/৮৮৭১৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Narayanganj

*(৪৪৫)। জনাব মোঃ নজরুল ইসলাম বাবু (নারায়ণগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মেঘনা সেতু এলাকায় ভাঙ্গন রোধকল্পে উক্ত এলাকায় নদী শাসনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণকল্পে সংশ্লিষ্ট সংস্থা, সেতুবিভাগ কোন উদ্যোগ জানাইয়াছে কিনা; জানাইলে উহা কি; এবং এই লক্ষ্যে কি ব্যবস্থা গ্রহণ ও বাস্তবায়ন করা হইয়াছে?

Naogaon

*(৪৪৬)। জনাব মোঃ ছলিম উদ্দীন তরফদার (নওগাঁ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নওগাঁ জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কি?

* ৪৪৭ । জনাব এ,কে,এম শাহজাহান কামাল (লক্ষীপুর-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) নোয়াখালী জেলার চৌমুহনী রেলস্টেশন বা চাঁদপুর রেলষ্টেশন থেকে লক্ষীপুর জেলা সদর পর্যন্ত রেললাইন সম্প্রসারণের কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তর হাঁ সূচক হইলে, কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে; না সূচক হইলে, উহার কারণ কি?

* ৪৪৮ । জনাব আ.ফ.ম বাহাউদ্দিন (নাছিম) (মাদারীপুর-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে মাদারীপুর সদর এবং কালকিনি উপজেলায় মহিলা অধিদপ্তরের অধীনে বিত্তহীন মহিলা সমবায় সমিতিগুলির অনুকূলে আর্থিক অনুদান প্রদানের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কি; এবং কবে নাগাদ বাস্তবায়ন হইবে?

Kushtia

*(৪৪৯)। জনাব আবদুর রউফ (কুষ্টিয়া-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত কুষ্টিয়া জেলার উপজেলা পর্যায়ে কোন রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কি?

* ৪৫০ । জনাব মোঃ ইসরাফিল আলম (নওগাঁ-৬) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

ক) নারী ও শিশুদের কল্যাণ এবং উন্নয়নে বর্তমান সরকারের গৃহীত কর্মপরিকল্পনার বিস্তারিত বিবরণ কি; এবং

খ) আমার নির্বাচনী এলাকার শিশুদের শিক্ষা, সামাজিক ও সাংস্কৃতিক বিকাশের সম্ভাবনাগুলিকে কাজে লাগাইতে আপনার মন্ত্রণালয়ের পক্ষ হইতে কি কি ব্যবস্থা গৃহীত হইয়াছে?

* ৪৫১ । জনাব হাবিবুর রহমান মোল্লা (ঢাকা-৫) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নির্যাতিত মহিলাদের আইনি সহায়তা দানের জন্য সরকারি বেসরকারি এবং এনজিও নিয়ন্ত্রিত কিছু প্রতিষ্ঠান রহিয়াছে। দেখা যায় নির্যাতিত মহিলারা এই সকল প্রতিষ্ঠানে গিয়াও হয়রানীর শিকার হইতেছে। ইহার বিরুদ্ধে মন্ত্রণালয় কোন মনিটরিং এর ব্যবস্থা রাখিয়াছে কিনা?

* ৪৫২ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পথ শিশুদের শিক্ষা প্রদান এবং প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষ জনবল হিসেবে গড়িয়া তুলিতে আপনার মন্ত্রণালয় কোন কর্মসূচি বা পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, উহা কি?

* ৪৫৩ । জনাব মোঃ নুরুল ইসলাম সুজন (পঞ্চগড়-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা হইতে পঞ্চগড় জেলা পর্যন্ত আন্তঃনগর ট্রেন কবে নাগাদ চালু করা হইবে; না হইলে, উহার কারণ কি?

Narayanganj

*(৪৫৪)। জনাব গোলাম দস্তগীর গাজী (নারায়ণগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারায়ণগঞ্জ জেলায় চলতি অর্থ-বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কি?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৩টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৬৩৫৭/৮৮৭৬৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Sirajganj

*৪৫৫ । জনাব তানভীর ইমাম (সিরাজগঞ্জ-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া শাহিনী মহনপুর ভায়া বড় পাংগাসি হইয়া ভাঙ্গুড়া পর্যন্ত রাস্তা নির্মাণের লক্ষ্যে কোন পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, রাস্তা নির্মাণের বর্তমান অবস্থান কি; এবং কবে নাগাদ রাস্তা নির্মাণের জন্য টেন্ডার আহবান করা হইবে?

* ৪৫৬ । জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৫৪ ময়মনসিংহ-৯ নান্দাইল উপজেলায় নান্দাইল রোড ষ্টেশনটি সংস্কার করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবায়ন করা হইবে; না থাকিলে, উহার কারণ কি?

Comilla

*৪৫৭ । জনাব মোহাম্মদ সুবিদ আলী ভুঁইয়া (কুমিল্লা-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা চট্টগ্রাম মহাসড়কের দাউদকান্দির বলদা খাল হইতে শ্রীরায়েরচর পর্যন্ত রাস্তার অবস্থা অনেক খারাপ, যানবাহন চলাচল করিতে পারে না। এই রাস্তাটি প্রশস্ত করা হইবে কিনা?

Feni

*৪৫৮ । জাহান আরা বেগম সুরমা (মহিলা আসন-৩২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে ফেণী জেলার সোনাগাজী এবং দাগনভূঁইয়া উপজেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তর কোন প্রকল্প গ্রহণ করিয়াছে কিনা; করিলে, উহা কি?

* ৪৫৯ । আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ রহমত আলী (গাজীপুর-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাট উৎপাদন বৃদ্ধি করিবার লক্ষ্যে পাট চাষীদের উৎসাহিত করিবার জন্য সহজ শর্তে ঋণ দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবায়ন হইবে?

* ৪৬০ । সফুরা বেগম (মহিলা আসন-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার বিধবা মহিলা ও শিশুদের কল্যাণে কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; করিলে, উহা কি?

Dhaka/Munshiganj

*৪৬১ । বেগম পিনু খান (মহিলা আসন-২৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা জেলার দোহার-নবাবগঞ্জ উপজেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা/প্রয়োজনীয়তা আছে কিনা; থাকিলে, উহা কি; না থাকিলে, কারণ কি?

* ৪৬২ । জনাব এ কে এম রহমতুল্লাহ (ঢাকা-১১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) সারাদেশের যানবাহনসমূহের কম্পিউটারাইজড্ ফিটনেস পরীক্ষা কেন্দ্র স্থাপন করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে; এবং না সূচক হইলে, উহার কারণ কি?

* ৪৬৩ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চিলমারী থেকে পার্বতীপুর পর্যন্ত একটি কম্পিউটার ট্রেন দেওয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রী প্রতিশ্রুতি দিয়াছিলেন। কিন্তু এখন পর্যন্ত এটি চালু হয়নি। কবে নাগাদ এই কম্পিউটার ট্রেনটি চালু করা হইবে?

* ৪৬৪ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে পাট চাষকে আরো লাভজনক করিবার লক্ষ্যে সরকারের পক্ষ থেকে কি কি কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৬৩৫৭/৮৮৭৬৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonihd@gmail.com আবশ্যিকভাবে

* ৪৬৫ । বেগম ফজিলাতুন নেসা বাপ্পি (মহিলা আসন-৩০) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নারীর সার্বিক কল্যাণে ব্রাহ্মণবাড়িয়া জেলায় গত ৮ বছরে কি কি কার্যক্রম পরিচালনা করা হইয়াছে?

Pirojpur / mechanical

* ৪৬৬ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বড় মাছিয়া-রায়েন্দা বলেশ্বর নদীতে ফেরী সার্ভিস চালুর প্রস্তাবটি কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

* ৪৬৭ । এডভোকেট নাভানা আক্তার (মহিলা আসন-২৭) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে শরীয়তপুর জেলায় কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে উপজেলাওয়ারী প্রকল্পগুলির নাম কি?

* ৪৬৮ । জনাব বজলুল হক হারুন (ঝালকাঠি-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝালকাঠী জেলার রাজাপুর এবং কাঠালিয়া উপজেলার বিত্তহীন দুস্থ অসহায় মহিলাদের কল্যাণে বর্তমানে কোন প্রকল্প চালু রহিয়াছে কিনা; এবং না থাকিলে, কোন প্রকল্প গ্রহণ করা হইবে কিনা?

* ৪৬৯ । জনাব কামাল আহমেদ মজুমদার (ঢাকা-১৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত কমলাপুর হইতে টঙ্গী-জয়দেবপুর পাতাল রেল প্রকল্পের সর্বশেষ অবস্থা কি; এবং কবে নাগাদ এই কর্মসূচি শেষ হইবে?

* ৪৭০ । বেগম জেবুন্নেছা আফরোজ (বরিশাল-৫) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-বরিশাল পায়রা বন্দরে রেল লাইন স্থাপনে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

Panchagar

* ৪৭১ । জনাব নাজমুল হক প্রধান (পঞ্চগড়-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে পঞ্চগড় জেলার উপজেলা পর্যায়ে সংযোগ সড়ক (ফিডার সড়ক ও সেতুসহ) নির্মাণ প্রকল্পের আওতায় কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, প্রকল্পওয়ারী ব্যায় বরাদ্দ কত; এবং কবে নাগাদ কার্যক্রম আরম্ভ হইবে?

* ৪৭২ । জনাব মোঃ ফরিদুল হক খান (জামালপুর-২) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেল পুলিশের জন্য প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের লক্ষ্যে সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

Rajshahi

* ৪৭৩ । জনাব এনামুল হক (রাজশাহী-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলার বাগমারায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কি; না থাকিলে, কারণ কি?

* ৪৭৪ । জনাব আ খ ম জাহাঙ্গীর হোসাইন (পটুয়াখালী-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) পাটের বহুমুখী ব্যবহার নিশ্চিত করিবার লক্ষ্যে বর্তমান সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে; এবং

(খ) আমাদের বস্ত্র শিল্প কারখানাগুলি দেশের অভ্যন্তরীন চাহিদার কত ভাগ মেটাইতে সক্ষম এবং রপ্তানীযোগ্য শিল্পের কত ভাগ স্থানীয়ভাবে সরবরাহ করা হয়?

* ৪৭৫ । বেগম লুৎফা তাহের (মহিলা আসন-৪০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নিবন্ধনহীন ব্যাটারি চালিত অটো বন্ধে সরকার কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৯৮৯৬৩৫৭/৯৮৭৬৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Jessore

*৪৭৬। কাজী নাবিল আহমেদ (যশোর-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে যশোর জেলায় সড়ক নির্মাণের লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, উহা কি?

* ৪৭৭ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) চট্টগ্রাম জেলার সীতাকুন্ড উপজেলার বন্ধ কল টেক্সটাইল মিল দ্রুত পুনরায় চালুর পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) (ক)-প্রশ্নের উত্তর সত্য হইলে, উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

* ৪৭৮ । জনাব কামরুল আশরাফ খান (নরসিংদী-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে কি পরিমাণ জমিতে পাট চাষ করা হয়; কৃষকদের পাট চাষে উৎসাহিত করিবার জন্য পাটের মূল্য বৃদ্ধি করা হইবে কিনা?

* ৪৭৯ । দিলারা বেগম (মহিলা আসন-২০) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, শহর অঞ্চলে নাগরিক সুবিধা বাড়াইলেও অবহেলিত রহিয়াছে বস্তিবাসী। আগের মতোই বাল্যবিবাহের শিকার হইতেছে বস্তির শিশুরা। শিক্ষা, চিকিৎসা, নিরাপদ পানির ব্যবহারসহ সামাজিক সেবা হইতে তাহারা বঞ্চিত। বস্তিবাসী শিশুদের রক্ষায় সরকার কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা?

* ৪৮০ । জনাব মোঃ আব্দুল মতিন (মৌলভীবাজার-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

(ক) অসহায় দুঃস্থ মহিলাদের সাহায্যার্থে নির্বাচনী এলাকা ভিত্তিক থোক বরাদ্দের ব্যবস্থা চালু করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তর হাঁ সূচক হইলে, কবে নাগাদ উহা বাস্তবায়িত হইবে; এবং না সূচক হইলে, উহার কারণ কি?

* ৪৮১ । জনাব এ, কে, এম রেজাউল করিম তানসেন (বগুড়া-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সাম্প্রতিক কালে কিশোরী নির্যাতনের মাত্রা বৃদ্ধি পাইয়াছে। শিশু ও কিশোরীদের নির্যাতন হইতে রক্ষায় মন্ত্রণালয় কি কি কাজ করিতেছে?

* ৪৮২ । বেগম মাহজাবিন খালেদ (মহিলা আসন-১৮) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কারিগরি বৃত্তিমূলক শিক্ষা ও সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রশিক্ষণের জন্য জেলা ও উপজেলা পর্যায়ে নারী উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান গড়িয়া তুলিবার লক্ষ্যে সরকার কি কি পরিকল্পনা ও পদক্ষেপ গ্রহণ করিয়াছে; এবং কতটুকু সফল হইয়াছে?

Narshingdi

*৪৮৩। জনাব মোঃ সিরাজুল ইসলাম মোল্লা (নরসিংদী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নরসিংদী জেলায় সড়ক উন্নয়নের জন্য চলতি অর্থ-বছরে কোন বরাদ্দ দেওয়া হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী এবং সড়কওয়ারী উহার হিসাব কি?

* ৪৮৪ । জনাব মোহাম্মদ ইলিয়াছ (কক্সবাজার-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের আওতায় কক্সবাজার জেলার শিক্ষিত মেয়েদের কম্পিউটার প্রশিক্ষণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কি?

Pabna

*৪৮৫। জনাব মোঃ মকবুল হোসেন (পাবনা-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ৭০ পাবনা-৩ এর পাবনা সড়ক বিভাগে উল্লাপাড়া-লাহিড়ী মোহনপুর-ভাঙ্গুড়া (পাবনা) সড়কের ৫ (পাঁচ) টি সেতু-৬ষ্ঠ কি:মিটারে ১৩১৫০মি দীর্ঘ কৈডাঙ্গা সেতু, ৮ কি:মিটারে ২২৫.০০ মিঃ দীর্ঘ বাওনজাল সেতু ১০ কি:মিটারে ১০৮.০০ মি: দীর্ঘ দিলপাশার সেতু ১২তম কি:মিটারে ১৩৫.০০ মি: দীর্ঘ বস্কিরাট সেতু ও ১ম কি:মিটারে ১১৮.০০ মি: দীর্ঘ ভাঙ্গুরা সেতু নির্মাণসহ ভাঙ্গুড়া-লাহিড়ী মোহনপুর সড়ক উন্নয়নের নামে ২০১৬-২০১৭ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে সবুজপাতাভুক্ত প্রকল্পটি বর্তমান আর্থিক বছরে বাস্তবায়ন শুরু হইবে কিনা?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

*হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৫৭/৮৮৭১৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে

* ৪৮৬ । খন্দকার আজিজুল হক আরজু (পাবনা-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে পাবনা জেলায় কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী উহা কি?

Cox's bazar

* ৪৮৭ । জনাব আবদুর রহমান বদি (কক্সবাজার-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা উখিয়া-টেকনাফ উপজেলা দুইটিতে আপনার মন্ত্রণালয় হইতে কোন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কি?

* ৪৮৮ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সিলেট ও চট্টগ্রামগামী রেলসমূহে নতুন ইঞ্জিন ও কোচ সংযোজনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহার কার্যক্রম শুরু হইবে?

Netrokona

* ৪৮৯ । জনাব ইফতিকার উদ্দিন তালুকদার পিন্টু (নেত্রকোণা-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নেত্রকোণা জেলার কেন্দুয়া ও আটপাড়া উপজেলার সড়ক ও জনপথ বিভাগের আওতায় কোন সড়ক পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কি; এবং চলতি অর্থ বছরে উহাতে কোন অর্থ বরাদ্দ করা হইয়াছে কিনা?

* ৪৯০ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কৃষকদের পাট চাষে উৎসাহ বাড়াইতে বর্তমান সরকার পাট রপ্তানি বৃদ্ধিকল্পে এই যাবৎ কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, উহা কি?

Joypurhat

* ৪৯১ । জনাব সামছুল আলম দুদু (জয়পুরহাট-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়পুরহাট জেলায় সওজের অধীন মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি বাস্তবায়নের আওতায় জয়পুরহাট বাইপাস (জেড-৫৫০৪) সড়কটির উন্নয়ন কবে নাগাদ হইবে; না হইলে, উহার কারণ কি?

* ৪৯২ । জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৪-২০১৫ অর্থ-বছরে চট্টগ্রাম জেলায় দারিদ্র্য বিমোচন কর্মসূচির অধীনে কোন ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, উপজেলাওয়ারী উহার হিসাব কি?

* ৪৯৩ । জনাব নুরুল ইসলাম মিলন (কুমিল্লা-৮) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিগত অর্থ বছরে পৃথিবীর কোন্ কোন্ দেশে কি পরিমাণ পাটজাত পণ্য ও কাঁচাপাট রপ্তানী করা হইয়াছে; এবং গত বছর এই খাতে রপ্তানী আয় কত; বর্তমান অর্থ বছরে বেশী করিয়া পাটজাত পণ্য রপ্তানীর ব্যাপারে সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে; আগামী দিনে সুষ্ঠুভাবে এই খাতকে উন্নত করিবার লক্ষ্যে সরকারের পূর্ণাঙ্গ মন্ত্রণালয় স্থাপন করিবার পরিকল্পনা আছে কিনা; জাতির জনক বঙ্গবন্ধুর সময়ও পাট মন্ত্রণালয় ছিল?

Laxmipur

* ৪৯৪ । জনাব মোহাম্মদ নোমান (লক্ষ্মীপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষ্মীপুর জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সড়ক পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কি?

SE,Monitoring

* ৪৯৫ । ফিরোজা বেগম (চিনু) (মহিলা আসন-৩৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মহাসড়কগুলির ন্যায় বাংলাদেশের বিভিন্ন গ্রাম-গঞ্জের সড়কগুলির উন্নয়নে আপনার মন্ত্রণালয়ের পরিকল্পনাগুলি কি কি?

Noakhali

* ৪৯৬ । জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী জেলায় ২০১৬-২০১৭ অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে; উহার হিসাব কি?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৫৭/৮৮৭১৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

* ৪৯৭ । জনাব এস. এম. মোস্তফা রশিদী (খুলনা-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) বর্তমান সরকার ক্ষমতায় আসিবার পর ২০১৪ সাল হইতে ২০১৭ সালের এই পর্যন্ত বাংলাদেশ রেলওয়ের সার্বিক উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন পদে কি পরিমাণ জনবল নিয়োগ দেওয়া হইয়াছে; পদওয়ারী উহার তালিকা কি; এবং

(খ) বাংলাদেশ রেলওয়েতে আরো কত জনবল নিয়োগ দেওয়ার পরিকল্পনা রহিয়াছে; উক্ত জনবল নিয়োগে যথাযথভাবে কোটা অনুসরণ করা হইবে কিনা?

* ৪৯৮ । বেগম হাজেরা খাতুন (মহিলা আসন-৩৯) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ১৯৯১-৯২ অর্থ বছর হইতে ২০১৫-২০১৬ অর্থ বছর পর্যন্ত বস্ত্র মন্ত্রণালয় কি পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন করিয়াছে; এবং ২০১৬-১৭ অর্থ বছরে উক্ত খাতের লক্ষ্যমাত্রা কত নির্ধারণ করা হইয়াছে?

* ৪৯৯ । বেগম নাসিমা ফেরদৌসী (মহিলা আসন-১৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরগুনা জেলার পাথরঘাটা উপজেলায় মহিলা কর্মজীবি হোস্টেল নির্মাণ করা হইবে কিনা; হইলে, কবে নাগাদ কাজ শুরু করা হইবে; না হইলে, উহার কারণ কি?

* ৫০০ । জনাব মোঃ মনিরুল ইসলাম (যশোর-২) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে বাৎসরিক বস্ত্রের চাহিদা কত; দেশে কি পরিমাণ বস্ত্র উৎপাদন হয়; কি পরিমাণ বস্ত্র বিদেশ হইতে আমদানি করা হয়?

* ৫০১ । জনাব মোয়াজ্জেম হোসেন রতন (সুনামগঞ্জ-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ শিশু একাডেমীতে যেই সব গুরুত্বপূর্ণ বই রহিয়াছে, ভবিষ্যতে যেই সকল বইয়ের প্রয়োজন হইবে এবং সংরক্ষিত থাকিবে তাহার একটি তালিকা প্রস্তুত করিয়া উহা একাডেমীতে দৃশ্যমান করিয়া রাখিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

Khulna
Jessore

* ৫০২ । জনাব মুহাম্মদ মিজানুর রহমান (খুলনা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে যশোর-খুলনা মহাসড়কসহ খুলনা অঞ্চলের বিভিন্ন মহাসড়ক ভাঙ্গিয়া খানাখন্দের সৃষ্টি হইয়াছে। ফলে যাত্রীদের কষ্টসহ প্রায়ই দুর্ঘটনা ঘটিয়া থাকে। তাই ঝুঁকিমুক্ত ও নির্বিঘ্নে যাতায়াতের জন্য যশোর-খুলনা মহাসড়কসহ খুলনা অঞ্চলের মহাসড়কসমূহের ব্যাপক মেরামত/ পুনঃ নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা?

* ৫০৩ । জনাব সেলিম উদ্দিন (সিলেট-৫) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) ইহা সত্য কিনা যে, বরাবরের মতো বর্তমানেও বিআরটিসি একটি লোকসানী প্রতিষ্ঠান;

(খ) "ক"-প্রশ্নের উত্তর সঠিক হইলে, চলতি অর্থ বছরের বিগত ছয় মাসে কি পরিমাণ লোকসান হইয়াছে; এবং এই লোকসান হইতে উত্তোরনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কি?

* ৫০৪ । বেগম ওয়াসিকা আয়শা খান (মহিলা আসন-৩১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের দ্বিতীয় মেয়াদের তিন বছরে অসহায় মহিলাদের জন্য আপনার মন্ত্রণালয় কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

Kurigram

* ৫০৫ । বেগম নুর-ই-হাসনা লিলি চৌধুরী (মহিলা আসন-৪৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে কুড়িগ্রাম জেলায় কোন সড়ক নির্মাণের লক্ষ্যে কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছেন কিনা; করিলে, উহা কি?

* ৫০৬ । বেগম সানজিদা খানম (মহিলা আসন-২৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের প্রতিটি উপজেলা সদরে বিআরটিসির ড্রাইভিং ইন্সটিটিউট স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহা বাস্তবায়ন করা হইবে?

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ১টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।
"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৫৭/৮৮৭৭৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।"

Naogaon

*৫০৭। জনাব সাধন চন্দ্র মজুমদার (নওগাঁ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত নওগাঁ জেলার উপজেলা পর্যায়ে কোন রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কি?

Barisal

*৫০৮। বেগম নাসরিন জাহান রত্না (বরিশাল-৬) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কি?

* ৫০৯ । বেগম সালমা ইসলাম (ঢাকা-১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের পাট শিল্প রক্ষার জন্য সরকার কি কি পদক্ষেপ গ্রহণ করিয়াছে?

Jhenaidah

*৫১০। জনাব মোঃ নবী নেওয়াজ (ঝিনাইদহ-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঝিনাইদহ জেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোন সড়ক পাকাকরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহার হিসাব কি?

ঢাকা,
৫ মাঘ, ১৪২৩।
১৮ জানুয়ারী, ২০১৭।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

চিহ্নিত মৌখিক প্রশ্নের জন্য ৫টি সম্পূরক প্রশ্ন ও উত্তর প্রদান আবশ্যক।

# বাংলাদেশ জাতীয় সংসদ

## ২০১৭ সালের ৩০ জানুয়ারী, সোমবার অনুষ্ঠিতব্য সংসদের বৈঠকে লিখিত উত্তর দানের জন্য প্রশ্ন-তালিকা।

২৭৯ । জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গত অর্থ বছরে পাট ও পাটজাত দ্রব্য রপ্তানি করিয়া মোট রপ্তানি আয়ের শতকরা কতভাগ অর্জন করিয়াছে; এই খাতের উন্নয়নে সরকার কি কি পদক্ষেপ নিয়াছে?

২৮০ । জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকায় যানজট নিরসন সংক্রান্ত সড়ক পরিবহনও সেতু মন্ত্রণালয়ের অধীন স্থায়ী তদারক ও সমন্বয় কমিটি গত দুই বছরে কতটি বৈঠক করিয়াছে; উক্ত বৈঠকগুলিতে কতটি সুপারিশ এবং উহার কত শতাংশ বাস্তবায়ন করিয়াছেন?

২৮১ । জনাব নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বিআরটি এর অনুমোদন ছাড়া রাজধানীর অলিগলিতে ব্যাটারি চালিত যানবাহন ব্যাপক চলাচল করিতেছে; এই সকল অবৈধ যানবাহন নিয়ন্ত্রণের কোন উদ্যোগ নাই; এমতাবস্থায় এই বিষয়ে সরকার কোন পদক্ষেপ গ্রহণ
করিবে কিনা?

২৮২ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার অধীন কোন মহিলা সমিতিতে সেলাই প্রশিক্ষণ কার্যক্রম চালু হইয়াছে কিনা; হইলে, সমিতির সংখ্যা কত; এবং উক্ত প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় গত ৬ বছরে কতজনকে প্রশিক্ষণ দেওয়া হইয়াছে?

২৮৩ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সোনালী আঁশের সুদিন ফিরাইতে সরকার নতুন কোন পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, উহা কি?

২৮৪ । জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেণী-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকার বস্তি এলাকায় পথ শিশুসহ সারা দেশের দরিদ্র শিশুদের মেধা বিকাশের
লক্ষ্যে কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, উহা কি?

২৮৫ । জনাব মোঃ রুস্তম আলী ফরাজী (পিরোজপুর-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি-

(ক) মাওয়া বরিশাল রেল যোগাযোগের লক্ষ্যে রেল লাইন নির্মাণের কোন পরিকল্পনা আছে কিনা; এবং

(খ) থাকিলে, কবে নাগাদ উহা বাস্তাবায়নের কাজ শুরু হইতে পারে?

২৮৬ । বেগম পিনু খান (মহিলা আসন-২৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে কতগুলি রেল ষ্টেশন আছে; তাহার মধ্যে কতগুলি সচল/বন্দ / পরিত্যক্ত আছে; উক্ত রেল ষ্টেশন গুলিতে কতজন কর্মকর্তা/কর্মচারি দ্বায়িত্ব পালন করিতেছে; বন্ধ/ পরিত্যক্ত রেল ষ্টেশন সচল করিবার লক্ষ্যে কি কি পদক্ষেপ / পরিকল্পনা গ্রহণ করিয়াছেন?

২৮৭ । বেগম পিনু খান (মহিলা আসন-২৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আপনার মন্ত্রণালয়াধীন বর্তমানে বস্ত্র ও পাট কল আছে কিনা; থাকিলে, উহার তালিকা কি; ইহার মধ্যে কতগুলি বর্তমানে সচল আছে; বিগত পাঁচ বছরে এই বস্ত্র ও পাট কলগুলি লাভের মুখ দেখিয়াছে কিনা; লাভ হইয়া থাকিলে, তাহার তালিকা / বিবরণ কি; বন্ধ ও লোকসানী পাট ও বস্ত্র কলগুলি লিজ দিবার পরিকল্পনা আছে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্টে eemonhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Dhaka/Munshiganj

২৮৮। বেগম পিনু খান (মহিলা আসন-২৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা জেলার দোহার - নবাবগঞ্জ উপজেলায় সড়ক ও জনপদ বিভাগের আওতায় কোন পাকা রাস্তা আছে কিনা; থাকিলে, পাকা রাস্তার দৈর্ঘ কত; বিগত ও চলতি অর্থ বছরে উক্ত রাস্তা মেরামত/সংস্কার হইয়াছিল কিনা?

Laxmipur

২৮৯। জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষ্মীপুর-৪) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর -৪ এর অন্তর্গত কমলনগর উপজেলাধীন মতিরহাট হইতে মধু চৌধুরীর হাট পর্যন্ত ৪ কিঃ মিঃ রাস্তাটি সংস্কার করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ উহার কাজ শুরু করা হইবে?

২৯০। বেগম কামরুন নাহার চৌধুরী (মহিলা আসন-৩৮) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজবাড়ী হইতে ফরিদপুর প্রতিদিন একটি ট্রেন চালু আছে। আরেকটি ট্রেন চালু করা যাইবে কিনা; হইলে, কত দিনের মধ্যে ?

Rajbari

২৯১। বেগম কামরুন নাহার চৌধুরী (মহিলা আসন-৩৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজবাড়ী জেলার গোয়ালন্দ উপজেলার জামতলা হইতে কাটাখালী অন্তর মোড় রাজবাড়ী সদর উপজেলার গুদার বাজার হইয়া পাংশা উপজেলার বাহাদুরপুর বেড়িবাঁধটি দ্রুত মেরামত করা প্রয়োজন। বেড়ীবাধটি মেরামত করা হইবে কিনা; হইলে, কত দিনের মধ্যে?

২৯২। বেগম কামরুন নাহার চৌধুরী (মহিলা আসন-৩৮) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দক্ষিণ পশ্চিম অঞ্চলের প্রাণ দ্বার দৌলদিয়া- পাটুরিয়া দ্বিতীয় পদ্মা সেতু হইবে কিনা; হইলে, কত দিনের মধ্যে সম্পন্ন করা হইবে?

২৯৩। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশী-বিদেশী বিভিন্নব্র্যান্ডের জিনিসপত্র না রাখিয়া শুধুমাত্র জয়িতার নিজস্ব তৈরী জিনিসপত্র বিক্রি করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

২৯৪। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়িতার পণ্য যাহাতে সহজে চেনা যায় সেই লক্ষ্যে জয়িতার উৎপাদিত পণ্যে বিশেষ চিহ্ন বা মনোগ্রাম সংযুক্ত করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা?

২৯৫। মমতাজ বেগম (মানিকগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, রাজধানীতে যানজটের অনেক কারণে মধ্যে অন্যতম একটি কারণ হইতেছে প্রাইভেট কার; হাঁ হইলে, যানজট নিরসনে প্রাইভেট কারের বিষয়ে নীতিমালা প্রণয়নের কোন উদ্যোগ সরকার গ্রহণ করিয়াছে কিনা?

২৯৬। মেঃ জেঃ এটিএম আবদুল ওয়াহহাব (অবঃ) (মাগুরা-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, যশোর-মাগুরা-শ্রীপুর-লাঙ্গলবন্দ-পাংশা এই রেলপথ নেটওয়ার্ক নির্মাণের কোন কার্যক্রম গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কি?

২৯৭। মেঃ জেঃ এটিএম আবদুল ওয়াহহাব (অবঃ) (মাগুরা-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান অর্থ বছরে পদ্মা সেতু-২ এ টানেল বা ব্রীজ নির্মাণ করিবার ব্যাপারে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা?

২৯৮। মেঃ জেঃ এটিএম আবদুল ওয়াহহাব (অবঃ) (মাগুরা-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, মাগুরা জেলায় চলতি অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় দুঃস্থ মহিলাদের মাঝে ঋণ বিতরণের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কবে নাগাদ হইবে?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৬৩৫৭/৮৮৭৬৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে ..."

Laxmipur

২৯৯ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষীপুর-৪) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা লক্ষীপুর-৪ এর অন্তর্গত রামগতি ও কমলনগর উপজেলায় আপনার মন্ত্রণালয় হইতে কোন নতুন প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, উহা কি; এবং কবে নাগাদ উহার কাজ শুরু করা হইবে?

৩০০ । জনাব মোঃ আবদুল্লাহ (লক্ষীপুর-৪) ঃ  রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-চট্টগ্রাম রুটে চলাচলকারী সোনার বাংলা এক্সপ্রেস-এ টিকেট এর মূল্যের সঙ্গে যেই খাবার সরবরাহ করা হয় তাহা কোনক্রমেই মানসম্মত নয়। ফলে, রেল যাত্রীরা এই বিষয়ে প্রকাশ্যে তাহাদের অসন্তোষ প্রকাশ করিয়াছে; উক্ত খাবারের মূল্য আরো কম ধরিয়া টিকেট এর মূল্য আরো কমাইবার ব্যবস্থা করা হইবে কিনা?

৩০১ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ  বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাটকলগুলিকে বিএমআরই করিবার জন্য চীনের সহিত যেই চুক্তি হইয়াছে তাহাতে ৩টি পাটকল বিএমআরই করা হইবে ১টি পাটকলকে বিএমআরই করিতে কত টাকা লাগিবে; এবং ইহাতে কি কি ধরনের পণ্য উৎপাদিত হইবে; এবং কত শ্রমিক লাগিবে; এইটি কি উইভিং সাটেল নাকি সাটেললেসলুম?

Bogra

৩০২ । জনাব শরিফুল ইসলাম জিন্নাহ্ (বগুড়া-২) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ৩৭ বগুড়া-২ (শিবগঞ্জ) কে ঐতিহাসিক পুরাকির্তী সমৃদ্ধ নগরীকে সার্কভুক্ত দেশসমূহের সাংস্কৃতিক রাজধানী ঘোষণা করা হইয়াছে। এই নগরীতে যাইবার প্রধান রাস্তা মহাস্থান-আমতলী সড়কটি দেশী বিদেশী পর্যটক দশর্নার্থিদের ও যান বাহন চলাচলের সুবিধার জন্য ১০ কিলোমিটার লম্বা সড়কটি প্রসস্ত করা খুবই খুবই জরুরী। উক্ত রাস্তাটি প্রসস্ত করাসহ সংস্কার করিবেন কিনা; করিলে, কবে নাগাদ বাস্তবায়িত হইবে?

Sylhet

৩০৩ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে আমার নির্বাচনী এলাকা সিলেট-৩ এর অন্তর্গত ফেঞ্চুগঞ্জ, দক্ষিণ সুরমা ও বালাগঞ্জ একাংশ উপজেলার কোন্ কোন্ সড়ক পাকাকরণের পরিকল্পনা রহিয়াছে?

৩০৪ । জনাব মাহমুদ উস সামাদ চৌধুরী (সিলেট-৩) ঃ  বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে পাটের কি কি পণ্য বিদেশে রপ্তানি করা হইতেছে; পাটের আরো নতুন নতুন পণ্য রপ্তানি করিবার বিষয়ে মন্ত্রণালয়ের পক্ষ থেকে কার্যকর পদক্ষেপ গ্রহন করা হইবে কিনা?

৩০৫ । জনাব এম, আবদুল লতিফ (চট্টগ্রাম-১১) ঃ  রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ রেলওয়ের আয় বাড়াইবার লক্ষ্যে সরকার কৌশল অবলম্বন করিয়াছে কিনা; এবং করিলে, উহা কি?

৩০৬ । জনাব মোঃ ইসরাফিল আলম (নওগাঁ-৬) ঃ  বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি,

(ক) বর্তমান সরকারের সময় পাট ও বস্ত্র শিল্পের বিপরীতে অদ্যাবধি শিল্প স্থাপন, আধুনিকায়ন ও বেতন ভাতাসহ অন্যান্য খাতে যে অর্থ ভতুর্কী আকারে দেওয়া হইয়াছে তাহার বছর (২০০৮-২০১৫সাল পর্যন্ত) ওয়ারী তথ্য বিবরণী কি;

(খ) রাষ্ট্রীয় তহবিলের এই ভতুর্কীর অর্থ সহায়তা কি ধরনের অর্থনৈতিক ও উন্নয়ন পরিকল্পনার আওতায় বরাদ্দ দেওয়া হইতেছে;

(গ) দেশে যেখানে বেসরকারী খাতের পাট ও বস্ত্র কলগুলি লাভজনকভাবে পরিচালিত হইতেছে সেখানে রাষ্ট্রীয় খাতের পাট ও বস্ত্র কলগুলি আরো কতদিন এবং কোন যুক্তিধারায় এই ভর্তুকীর সংস্কৃতি অব্যাহত রাখা হইবে?

Rangamati

৩০৭ । ফিরোজা বেগম (চিনু) (মহিলা আসন-৩৩) ঃ  সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে রাঙ্গামাটি পার্বত্য জেলায় সড়ক উন্নয়নের জন্য কি পরিমাণ বরাদ্দ প্রদান করা হইয়াছে; উপজেলাওয়ারী উহার হিসাব কি?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৫৭/৮৮৭১৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্টে-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

৩০৮ । ফিরোজা বেগম (চিনু) (মহিলা আসন-৩৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গ্রামীণ মহিলাদের জন্য কর্মসংস্থান সৃষ্টি প্রকল্পের আওতায় চলতি অর্থ বছরে তিন পার্বত্য জেলায় কি কি প্রকল্প গ্রহণ করা হইয়াছে?

৩০৯ । আলহাজ্ব এ্যাডভোকেট মোঃ রহমত আলী (গাজীপুর-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৬-১৭ অর্থ বছরে দারিদ্র বিমোচন কর্মসূচীর আওতায় গাজীপুর জেলার শ্রীপুর উপজেলায় কোন ঋন বিতরণের পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, উহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৩১০ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৭১ মুন্সীগঞ্জ-১, শ্রীনগর-সিরাজদিখান উপজেলা দুঃস্থ মহিলাদের উন্নয়নে আপনার মন্ত্রণালয় থেকে কোন পদক্ষেপ নেওয়া হইয়াছে কিনা; এবং উক্ত এলাকার মহিলাদের আত্মনির্ভরশীল করিবার কোন ঋণ দেওয়া হয় কিনা; হইলে, কত টাকা ঋণ দেওয়া হয়েছে?

৩১১ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পদ্মা সেতুতে রেলপথ সংযোগ স্থাপনে ঢাকা-মাওয়া অংশে কত একর জমি অধিগ্রহণ করা হইয়াছে; এবং তাহার মধ্যে শ্রীনগর-সিরাজদিখান উপজেলার কতটুকু জায়গা অধিগ্রহণ করা হইয়াছে?

Munshiganj

৩১২ । জনাব সুকুমার রঞ্জন ঘোষ (মুন্সিগঞ্জ-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকার মুন্সীগঞ্জ তালতলা, সিরাজদিখান, নীমতলা, রাজানগর শেখরনগর রাস্তাটি বর্তমান অর্থ বছরে উন্নয়ন করা হইবে কিনা?

Comilla

৩১৩ । বেগম রওশন আরা মান্নান (মহিলা আসন-৪৭) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গোমতী নদীর উপর কুমিল্লা সদর অংশে কোন ব্রীজ নির্মাণ করিবার পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কোন অংশে এবং কবে নাগাদ কাজ শুরু করা হইবে?

৩১৪ । বেগম রওশন আরা মান্নান (মহিলা আসন-৪৭) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা-কুমিল্লা সরাসরি ট্রেন সার্ভিস চালু করিবার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে থেকে চালু হইবে?

৩১৫ । বেগম রওশন আরা মান্নান (মহিলা আসন-৪৭) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রেলপথ সম্প্রসারণ প্রকল্পের আওতায় ঢাকা-কুমিল্লা ডাবল লাইন করিবার পরিকল্পনা রহিয়াছে কিনা; থাকিলে, কবে নাগাদ কাজ সমাপ্ত হইবে?

Gazipur

৩১৬ । জনাব মোঃ জাহিদ আহসান রাসেল (গাজীপুর-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গাজীপুর সিটি কর্পোরেশনে সড়ক সংস্কার ও সম্প্রসারণ করিবার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উহা কি; এবং কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৩১৭ । জনাব মোঃ জাহিদ আহসান রাসেল (গাজীপুর-২) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, গাজীপুর-২ এলাকায় কর্মজীবি মহিলা হোস্টেল নির্মাণ করা হইবে কিনা; হইলে, কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে?

৩১৮ । জনাব এম, এ, আউয়াল (লক্ষ্মীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা শহরের প্রতিটি রুটে স্কুল কলেজগামী ছাত্র/ছাত্রীদের যাতায়াতের সুবিধার জন্য অধিক সংখ্যক বিআরটিসির বাস চালু করা হইবে কিনা; এবং মিরপুর হইতে আজিমপুর পর্যন্ত কিছু বাস চালু করা হইলেও বর্তমানে আর দেখা যায় না উহার কারণ কি?

৩১৯ । জনাব এম, এ, আউয়াল (লক্ষ্মীপুর-১) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র্য বিমোচন কর্মসূচীর অধীনে সর্বশেষ অর্থ বছরে মহিলা বিষয়ক অধিদপ্তরের মাধ্যমে লক্ষীপুর জেলায় কোন ঋণ বিতরণ করা হইয়াছে কিনা; হইলে, ঋণের পরিমাণ কত; চলতি অর্থ বছরে ঋণ দেওয়ার কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, উপজেলাওয়ারী হিসাব কি?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৩৫৭/৮৮৭১৩৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

৩২০ । জনাব এম, এ, আউয়াল (লক্ষ্মীপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০০৮-২০০৯ অর্থ বছর হইতে এই পর্যন্ত লক্ষীপুর জেলার উপজেলা পর্যায়ে কোন রাস্তা নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, বছরওয়ারী হিসাব কি?

৩২১ । জনাব মনোরঞ্জন শীল গোপাল (দিনাজপুর-১) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দিনাজপুর জেলার কাহারোল উপজেলার পুনর্ভবা নদীর উপর লক্ষ মানুষের যোগাযোগের একমাত্র অবলম্বন; ব্রিজের নির্মাণ কাজ কবে নাগাদ শুরু হইবে?

৩২২ । জনাব মোঃ রুহুল আমিন (কুড়িগ্রাম-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা কুড়িগ্রাম-৪ এর জন্য পাঁচটি সেলাই মেশিন বরাদ্দ দেওয়া হইয়াছে; আরো পঞ্চাশটি (৫০) সেলাই মেশিন বর্তমান অর্থ বছরে বরাদ্দ দেওয়ার পরিকল্পনা আছে কিনা?

৩২৩ । জনাব মোঃ রুহুল আমিন (কুড়িগ্রাম-৪) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পথ শিশুদের পুনর্বাসন ও নিরাপদ আবাসনের ব্যবস্থা গ্রহণের কোন পরিকল্পনা আছে কিনা; যদি থাকে রৌমারী উপজেলা সদরে একটি শিশু পুনর্বাসন কেন্দ্র স্থাপন করা হইবে কিনা?

৩২৪ । শামছুন নাহার বেগম (এডভোকেট) (মহিলা আসন-২৯) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সুনামগঞ্জ-সিলেট মহাসড়ক বাস্তবায়ন কার্যক্রম বর্তমানে কি পর্যায়ে আছে; কবে নাগাদ কাজ শুরু হইবে?

৩২৫ । শামছুন নাহার বেগম (এডভোকেট) (মহিলা আসন-২৯) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ছাতক হইতে সুনামগঞ্জ রেললাইন স্থাপনের কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ কার্যক্রম শুরু হইবে?

৩২৬ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রংপুর থেকে সোজা বগুড়া পর্যন্ত একটি রেললাইন স্থাপন করা হইলে ঢাকা যাইতে আরও পাঁচ-ছয় ঘন্টা সময় কম লাগিবে। এই বিষয়ে সরকারের কোন পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ এই কাজ শুরু করা হইবে?

৩২৭ । জনাব এ, কে, এম, মাঈদুল ইসলাম (কুড়িগ্রাম-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাট থেকে রেয়ন তৈরীর মিল হওয়ার কথা। এটি প্রাইভেট সেক্টরে হইবে না কি পাট মন্ত্রণালয় করিবে; পাট মন্ত্রণালয় করিলে এটি কোন জায়গায় স্থাপন করা হইবে; মেশিনের উৎপাদন ক্ষমতা কত হইবে?

৩২৮ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, এক সময়ে বাংলাদেশের সোনালী আঁশ নামে খ্যাত পাটের ব্যাগ বাধ্যতামূলক বাজারজাতকরণের কোন পদক্ষেপ বর্তমান সরকারের আছে কিনা?

৩২৯ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী আসন ২৬৭ ফেণী-৩ এ অবস্থিত ভাঙ্গিয়া যাওয়া কাজীর হাট স্লুইচ গেইটটি এক সময় সোনাগাজী, দাগনভূঁইয়া ও কোম্পানীগঞ্জের সেতুবন্ধন হিসাবে পরিচিত ছিল। উক্ত স্থানে একটি সেতু নির্মাণ করিবার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা?

৩৩০ । জনাব রহিম উল্লাহ (ফেণী-৩) ঃ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী আসন ২৬৭ ফেণী-৩ এর সোনাগাজী ও দাগনভূঁইয়ার দুঃস্থ শিশু ও মহিলাদের পুনর্বাসন করিবার কোন পরিকল্পনা বর্তমান সরকারের আছে কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭১৩৩৫৭/৮৮৭১৩৩৫৮)-এ এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonihd@gmail.com আবশ্যিকভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

Habiganj

৩৩১। জনাব মোঃ আব্দুল মজিদ খান (হবিগঞ্জ-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ২৪০ হবিগঞ্জ-২ বানিয়াচঙ্গ-আজমিরীগঞ্জ এলাকায় আপনার মন্ত্রণালয়ের অধীন কোন কোন সড়ক নির্মাণ করা হইয়াছে; নির্মিতব্য সড়কের বর্তমান অবস্থা কি; কত টাকা প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন হইয়াছে; নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্পের কাজ সমাধান হইবে কিনা?

৩৩২। *জনাব মোঃ রুহুল আমিন (কুড়িগ্রাম-৪) ঃ রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জামালপুর জেলার দেওয়ানগঞ্জ থেকে কুড়িগ্রাম জেলার রৌমারী উপজেলা পর্যন্ত রেললাইন নির্মাণ করিবার কোন পরিকল্পনা আছে কিনা?

SE, Monitoring

৩৩৩। মীর মোস্তাক আহমেদ রবি (সাতক্ষীরা-২) ঃ সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ঢাকা শহরের যানজট একটা অসহনীয় পর্যায় পৌঁছিয়াছে। যাহা মানুষের চরম ভোগান্তির কারণ। এই দুর্বিসহ অবস্থা থেকে উত্তরণের জন্য জরুরী কোন পদক্ষেপ গ্রহণ করিবেন কিনা?

"হার্ড কপি ফ্যাক্স (৮৮৭৯৩৫৭/৮৮৭৯৩... এবং সফট কপি MS Word File হিসেবে Nikosh ফন্ট-এ eemonrhd@gmail.com ... কভাবে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।"

ঢাকা,
৫ মাঘ, ১৪২৩।
১৮ জানুয়ারী, ২০১৭।

ড. মোঃ আবদুর রব হাওলাদার
সিনিয়র সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।